

প্রতিক্রিয়া: ভালোবাসা যুনিভার্সিটি

ফায়সাল সাহেবের ভালোবাসা বিষয়ক টিপস গুলি খুবই সুন্দর, সাবলীল এবং সম্ভবত মহৎ উদ্দেশ্য থেকে উৎসারিত। ইদানিং পত্রপত্রিকায় এ জাতীয় টিপসের ছড়াছড়ি একটুবেশী মাত্রায়ই দেখা যায় (উদাহরণঃ সাপ্তাহিক ২০০০, যায়যায়দিন, জাতীয় দৈনিকগুলির বিশেষ সাময়িকী *Psychology today, Reader's Digest* etc)। প্রশ্ন হচ্ছে, এ সমস্ত good-to-read টিপস বাস্তবে কতটা কার্যকরী? নিঃসন্দেহে জোতিষীর আংটি, কিংবা মঘা ইউনানী দাওয়ার চাইতে সেগুলি উত্তম। তথাপি, আসল কথাটা উহ্য রাখার মানে হয় না। ফায়সাল সাহেব ভাল করতেন, সেকেন্ডারী টিপসের পাশাপাশি ভালোবাসা বিষয়ে প্রাইমারী টিপস টার বিষয় ও যদি পরিষ্কার করে উল্লেখ করতেন, যা মীর মোশার রফ করে গেছেন। অনেকটা এ রকম (recalled) :

মুখে অনেকেই টাকা তুচ্ছ বলিয়া থাকেন, কিন্তু জগৎ এমন ভয়ানক স্থান যে, টাকা না থাকিলে স্ত্রী, পুত্র, ভাই, ভগিনী, আত্মীয়-পরিজন কারো কাছেই নিজের মর্যাদা বজায় থাকিবার উপায় নেই

হোসেন 'প্রেমিকা' শব্দের উল্লেখ করেন নাই বিধায় তাঁরা এ ক্ষেত্রে ব্যতিক্রম, এরূপ ভাবার কোন অবকাশ আছে কি? হয়তো সকলেই আমরা প্রথার দাস, তবু ও সত্য সহজে বলা টাই কি ভাল নয়? আমি কি ভুল বলব, যদি বলি love সন্ধান করার আগে লাভজনক কোন ব্যবসা যথাঃ ইউরোপ/আমেরিকাতে ১০০% হালাল গ্লোসারী/হালাল গরু-ছাগল মুরগী র** দোকান ইত্যাদির সন্ধান করাটাই শ্রেয় এবং ফলদায়ক? খুশকি বিহীন চুল, use of anti-persipirant, অমায়িক চাঁদ মুখের হাসি, চোখের দিকে সরাসরি তাকানো ইত্যাদি ব্যাপারগুলি, আমার মতে, সেকেন্ডারী বা গৌণ। এ যুগে ভালোবাসার জন্য মুখ্য বিষয় হচ্ছে মাল পানি বা টাকা, ডলার, পাউন্ড, ইত্যাদি। পাঠকদের সাথে এ প্রসঙ্গে অনাহুত বিতর্কে জড়ানোর কোন ইচ্ছা নেই আমার। কথা ঐ একটাইঃ AIDS ভাইরাস প্রতিরোধ সম্পর্কে মানুষকে সত্যিকার অর্থে ফলদায়ক উপদেশ দিতে হলে কোরাণ মজিদ তেলাওয়াত করে মন পুত পবিত্র সুন্দর রাখার কথা বলা বাহুল্যতা বৈ অন্য কিছুর নয়। সোজা কন ডম ব্যবহারের কথা বল লেই হয়। *Manitaining a pure mind comes only secondary when AIDS is already in the form of an epidemic!*

সকলের জন্য হালাল ব্যবসা করে হালাল লাভের মাধ্যমে

হালান love প্রাপ্তির সৌভাগ্য কামনা করছি।

-জাহেদ আহমদ
নিউ ইয়র্ক
anondomela@yahoo.com
02/17/2004

****No metaphores whatsoever when it comes to commenting on bizarre trends manifested by many Bangladeshi/Pakistani/Arab Muslims living in USA/beyond and their *Made-in- USA-through--Halal-reproduction-by-Bangladesh* like offsprings!**

*Typing software obtained by courtesy of
www.bornosoft.com*